

সিলেট-কক্সবাজার থেকে ফ্লাইট চালানোর আগ্রহ এয়ার এরাবিয়ার

- A Monitor Desk Report

Date: 21 May, 2025



ঢাকাঃ এয়ার এরাবিয়ার আঞ্চলিক প্রধান রাজেশ নারুলা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) এর চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ভূঁইয়ার সঙ্গে মঙ্গলবার (২০ মে) বেবিচক সদর দফতরে সাক্ষাৎ করেন।

বেবিচকের জনসংযোগ কর্মকর্তা কাওছার মাহমুদ এই তথ্য জানান।

সাক্ষাৎকালে এভিয়েশন খাতে বিদ্যমান সহযোগিতা, ভবিষ্যৎ সম্ভাবনা এবং যাত্রীসেবার মানোন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়।

বেবিচক চেয়ারম্যান স্বল্প সময়ের মধ্যে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এয়ার এরাবিয়ার ফ্লাইট পরিচালনার অনুরোধ জানান। একইসঙ্গে, কক্সবাজার বিমানবন্দর স্বল্প সময়ের মধ্যে আন্তর্জাতিক মানে উন্নীত হবে বিধায় সেখান থেকেও ফ্লাইট পরিচালনার বিষয়ে উদ্যোগ নেওয়ার আহ্বান জানান।

এ সময় রাজেশ নারুলা সিলেট থেকে ফ্লাইট চালুর বিষয়ে আগ্রহ এবং কক্সবাজার বিমানবন্দর আন্তর্জাতিক মানে উন্নীত হলে সেখান থেকেও অচিরেই ফ্লাইট পরিচালনার ইচ্ছা প্রকাশ করেন।

বেবিচক চেয়ারম্যান তাকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় সব সহযোগিতা দেওয়ার আশ্বাস দেন।

সাক্ষাৎকালে এয়ার এরাবিয়ার প্রতিনিধি এবং বেবিচকের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

-B

